সংরক্ষিত আসনে বিএনপির সব মনোনয়নপত্র বৈধ: ইসি



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে বিএনপি জোটের জমা দেওয়া ৩৬টি মনোনয়নপত্রই বৈধ ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। স্বতন্ত্র জোটের একমাত্র প্রার্থীর মনোনয়নও বৈধ হয়েছে।

বৃহস্পতিবার (২৩ এপ্রিল) নির্বাচন ভবনে যাচাই-বাছাই শেষে রিটার্নিং কর্মকর্তা এ সিদ্ধান্ত জানান। ইসি জানায়, দল বা জোটের সমর্থন না থাকায় পৃথকভাবে জমা দেওয়া তিনটি মনোনয়নপত্র বাতিল করা হয়েছে।

আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতিতে সংরক্ষিত আসন বণ্টন অনুযায়ী বিএনপি জোট থেকে ৩৬ জন, জামায়াত জোট থেকে ১৩ জন এবং স্বতন্ত্র জোট থেকে একজন প্রার্থী মনোনয়ন জমা দেন। এর আগে জামায়াত জোটের ১২ জনের মনোনয়ন বৈধ হলেও এনসিপির মনিরা শারমিনেরটি স্থগিত থাকে।

তফসিল অনুযায়ী, আপিল করা যাবে ২৬ এপ্রিল পর্যন্ত, নিষ্পত্তি ২৭–২৮ এপ্রিল। প্রার্থিতা প্রত্যাহার ২৯ এপ্রিল, প্রতীক বরাদ্দ ৩০ এপ্রিল এবং ভোট ১২ এপ্রিল অনুষ্ঠিত হবে।